দৈনিক ইনকিলাব

তারিখ ... 29 AUG 1987
পৃষ্ঠা ... 2 কলাম 6

C42

# বিশ্ববিদ্যালয়ের হল খুলে দেয়ার দাবী

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহের শতাধিক ছাত্র-ছাত্রী এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খুলে দেয়ার জন্য সরকারের নিকট জোর দাবী জানিয়েছেন।

ছাত্র-ছাত্রীরা বিবৃতিতে বলেছেন, হলসমূহ বন্ধ থাকায় হলে রাখা তাদের বই, খাতা-পুস্তক, জামা-কাপড় সব কিছুই নষ্ট হয়ে যাচ্ছে। অপরদিকে দেশব্যাপী ভয়াবহ বন্যার কারণে অনেক ছাত্র-ছাত্রীরই ঘরবাড়ী ডুবে গেছে। ঢাকাতেও তাদের থাকার জায়গা নেই। তাই তারা এখন অসহায় ও নিঃস্ব এ অবস্থায় হলগুলো খুলে দিলে তারা হলের নিজ নিজ কক্ষে আশ্রয় নিতে পারেন। এ ব্যাপারে ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষেরও সহানুভূতি কামনা করেছেন।